

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৭৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَّارَةِ)

পরিচ্ছেদঃ স্ত্রী মিলনের সময় যদি দুই খাতনার জায়গা পরস্পর মিলিত হয়, তবে গোসল করা ফরয হয়ে যাবে, যদিও তাতে বীর্যপাত না হয়

ذَكَرُ الْبَيَانِ أَنَّ الْغُسْلَ يَجِبُ عَلَى الْمُجَامِعِ عِنْدَ التَّقَاءِ الْخَتَانَيْنِ وَإِنْ لَمْ يَكُنِ الْإِنْزَالُ
مَوْجُوداً

আরবী

1173 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنِ الْأَوْزَاعِيِّ قَالَ: حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: إِذَا جَاوَزَ الْخِتَانُ الْخِتَانَ فَقَدْ وَجِبَ الْغُسْلُ فَعَلْتُ أَنَا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاغْتَسَلْنَا.

الراوي : الْقَاسِمُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1173 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৭৩. কাসিম (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “আয়েশা রাদিয়াল্লাহু তা‘আলা আনহা বলেন, “যখন এক খাতনার জায়গা অপর খাতনার জায়গাকে অতিক্রম করবে, তখন গোসল ফরয হয়ে যাবে। আমি ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমনটা করেছি অতঃপর আমরা গোসল করেছি।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৬০৮; মুসনাদ আহমাদ: ৬/১৬১; তিরমিযী: ১০৮; নাসাঈ: ১২/২৭২; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৩৬; মুসল্লফ ইবনু আবী শায়বাহ: ১/৮৬; তাহাবী: ১/৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৮০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ কাসিম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90486>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন